গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

প্রশাসন শাখা

ডিসেম্বর/২০১৭ মাসের মাসিক-সমন্বয় সভার কার্যবিবরণী :

---

| | |
|---|---|
| সভাপতি | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক |
| সভার তারিখ | ০৬/১২/২০১৬ এবং ০৭/১২/২০১৭ খ্রি: |
| সভার সময় | সকাল ০৯:৩০ ঘটিকা। |
| স্থান | নগর উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

আলোচ্যসূচী-১ : নভেম্বর, ২০১৭ প্রাক- সমন্বয় সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

আলোচ্যসূচী-২ : সিদ্ধান্ত বাস্তবায়ন চিত্র। (নভেম্বর/২০১৭ মাসের অনুষ্ঠিত ০৮/১১/২০১৭ এবং ০৯/১১/২০১৭ ইং তারিখের প্রাক- সমন্বয় সভার কার্যবিবরণী)।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচী অনুসারে পর্যায়ক্রমে নিম্মরূপ আলোচনাও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| মন্ত্রণালয়ের ক্র. নং<br>২.২ | প্রাক সমন্বয় সভা অনুষ্ঠান | ১। নগর উন্নয়ন অধিদপ্তরের পত্রাদির নিস্পত্তির হার মন্ত্রণালয়ে প্রেরণ করা হইয়াছে।<br>২। সচিবালয়ের গেইটে কোন চিঠি না দিয়ে সরাসরি সংশ্লিষ্টবিভাগে পৌছানো হইয়াছে।<br>৩। প্রতিমাসের১তারিখের মধ্যে সব প্রতিবেদন মন্ত্রণালয়ে সরাসরি/ ই-মেইল/ ফ্যাক্স এর মাধ্যমে প্রেরণ করা হইয়াছে। ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্টবিভাগে পৌছানো হইয়াছে।<br>৪। মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রাপ্তি ফোন করে নিশ্চিত করা হয়েছে।<br>৫। গত ০৩/১২/২০১৭ তারিখেশুদ্ধাচার প্রতিবেদন অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) এর নিকট প্রেরণ করা হইয়াছে।<br>৬। প্রতিমাসের মাসিক প্রতিবেদন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরন বিষয়ে সভাকে অবহিত করা হয়।<br>০৭। ০৩ কর্মদিবসের মধ্যে প্রাক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ১৩/১১/১৭ তারিখে জারী করা হয়েছে। | ১। নগর উন্নয়ন অধিদপ্তরের পত্রাদির নিস্পত্তির হার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২। সচিবালয়ের গেইটে কোন চিঠি না দিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিভাগে পৌছাতে হবে।<br>৩। প্রতিমাসের১তারিখের মধ্যে সব প্রতিবেদন মন্ত্রণালয়ে সরাসরি/ ই-মেইল/ ফ্যাক্স এর মাধ্যমে প্রেরণ করতে হবে। ই-মেইলে প্রেরণ করার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করতে হবে।<br>৪। মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের প্রাপ্তি ফোন করে নিশ্চিত করতে হবে।<br>৫। প্রতিমাসের শেষ কর্মদিবসে শুদ্ধাচার প্রতিবেদন অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) এর নিকট প্রেরণ করতে হবে।<br>৬। প্রতিমাসের মাসিক প্রতিবেদন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরন করে প্রশাসনিক কর্মকর্তার সাথে ফোনালাপ করে নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭। মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত সমূহ স্ব স্ব বাস্তবায়নকারী কর্মকর্তা মাসের ২৫ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন শাখায় প্রেরণ করবেন এবং পরিচালক মহোদয়কে কপি দিবেন।<br>৮। মন্ত্রণালয়ে পত্রাদি সপ্তাহের শেষ দিন না পাঠিয়ে বুধবার প্রেরণ করতে হবে। | ১।প্রশাসনিক কর্মকর্তা<br>২।প্রশাসন শাখা।<br>৩। স্ব স্ব স্বাস্তবায়নকারী কর্মকর্তা |
| | | ৮। কার্যপত্রে পত্রাদি নিস্পত্তির হার নির্ধারণ করা হয়েছে। | ৯। প্রাক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীটি আগামী ০৬ মাসের জন্য সিনিয়র প্ল্যানার জনাব মাকসুদ হাসেম দেখে দিবেন। | জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার ও প্রশাসন শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.৭ | অডিট আপত্তি নিষ্পত্তিকরন | পূর্ত অডিট অধিদপ্তর হতে ০৫টি ব্রডশীট জবাব চাওয়া হয়েছে। জবাব প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | পূর্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে আপত্তিসমূহ নিস্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রকল্প পরিচালকবৃন্দ<br>খ) হিসাব রক্ষণ কর্মকর্তা<br>গ) প্রশাসনিক কর্মকর্তা |
| ২.৯ | ক) ই-সেবা কার্যক্রম<br>ও সেবা সহজীকরণ। | ক) চাহিত সম্পুরক তথ্যাদি ০৪টি, ভূমি অধিগ্রহণ ছাড়পত্র ০৪টি, নোটিশ ০২টি, টেন্ডার এবং ই-জিপি ০৬টি, পাসপোর্ট এর অনাপত্তিপত্র ১টি ও জিও ১টি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়াও ০৫ জন কর্মকর্তার জীবনবৃত্তান্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ক) ওয়েবসাইটে আপলোড কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | K) জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |
| | খ) পি এম এস (প্রজেক্ট মনিটরিং সিস্টেম/<br>পিএম আইএস) বিষয়। | খ) (i) ১৪ উপজেলা প্রকল্পের প্যাকেজ-৩ সহ অন্যান্য সকল প্যাকেজের রির্পোটসমূহ আপলোড করা হয়েছে।<br>(ii) মীরসরাই প্রকল্পের সর্বশেষ তথ্যাদি আপলোড করা হয়েছে। | খ) (i) ১৪ উপজেলা প্রকল্পের আপলোড কার্যক্রম অব্যাহত থাকবে।<br>(ii) মীরসরাই প্রকল্পের আপলোড কার্যক্রম অব্যাহত থাকবে।<br>(iii) সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে পিএমঅইএস প্রশিক্ষণের জন্য আইএমইডিতে পত্র ১১/১২/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ক) প্রকল্প পরিচালকগণ<br>খ) প্রশাসনিক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| গ) ই-টেন্ডার িং | ক) অত্র অধিদপ্তরের রাজস্ব খাতে ৬৮১৩ কোডে ১টি ই-টেন্ডার যাহা প্রাক্কলন মূল্যায়ণ অধিক হওয়ায় পুনরায় ই-টেন্ডার করা হয়েছে। যাহা Live আছে। ইনোভেশন/গবেষণা ব্যয়ের ৪৮২৯ কোডের আওতায় চলতি অর্থ বছরের ১টি ইটেন্ডারিং কাজ প্রক্রিয়াধীন আছে এবং কম্পিউটার সামগ্রি ৪৮৮৮ কোডে ১টি ইজিপি প্রক্রিয়াধীন।<br><br>মিরসরাই উপজেলা উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন প্রকল্পের ৪টি ই-টেন্ডার, ২টি চুক্তি সম্পাদন, ২টি Live আছে।<br><br>পায়রা কোয়াকাটা প্রকল্পের স্যাটেলাইট ইমেজ ক্রয় ও প্রক্রিয়াকরণের লক্ষ্যে ইজিপিতে তিনটি টেন্ডার আহবান করা হয়েছে।<br><br>খ) অত্র অধিদপ্তরের সকল এপিপি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | ক) ই টেন্ডারিং বিষয়ে সর্বশেষ তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপাস্থাপন করতে হবে।<br><br>খ) প্রশাসনিক কর্মকর্তা মন্ত্রণালয়ের সাথে আগামী ১১/১২/২০১৭ তারিখের মধ্যে যোগাযোগ করে ই-টেন্ডারিং বিষয়ে সমাধান করবেন। | ১) জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহ: প্র:<br><br>২) কোড ভিত্তিক আহ্বায়কগণ<br><br>৩) প্রশাসনিক কর্মকর্তা |
| ঘ) সামগ্রিক আর্কাইভ | -মেয়াদ উত্তীর্ণ ২৫,৫৫৭পৃষ্ঠা (কমবেশি) ৩৮২টিমাষ্টার প্ল্যান/ রির্পোট (কমবেশি) ডিজিটালকরণের আনুমানিক খরচ ৯,৫৮,৩৮৮/- টাকা খাত সমন্বয় করে করার বিষয়ে আলোচনা করা হয়। | খাত সমন্বয়করনের মাধ্যমে কাজটি সম্পন্ন করা হবে। | ঘ) ১। জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br><br>২।লাইব্রেরীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | -জিআইএস আর্কাইভ বিষয়ে জনাব ইসরাত জাহান, প্ল্যানার, জাকিয়া সুলতানা,প্ল্যানার ও জনাব মোহসীনাত নাসরিন, প্ল্যানার এর সমন্বয়ে মেথডলজি প্রস্তুত করে সিনিয়র জিওগ্রাফার এর নিকট রয়েছে। | - সিনিয়র জিওগ্রাফার মহোদয় ভবিষ্যতে নিশ্চিত হয়ে মতামত দিবেন। এ বিষয়ে মেথডলজি প্রস্তুত করে পরিচালক মহোদয়কে জানাবেন। | -সিনিয়র জিওগ্রাফার,<br>-জনাব ইসরাত জাহান, প্ল্যানার ও জনাব জাকিয়া সুলতানা, প্ল্যানার<br>জনাব মোহসীনাত নাসরিন, প্ল্যানার |
| ২.১০ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ক) ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার পরিকাঠামো বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও গত ০৩/১২/২০১৭ তারিখে শুদ্ধাচার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অত্র অধিদপ্তরের আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানারগণের সাথে ০৬/১২/২০১৭ তারিখের পরিচালক মহোদয়ের কক্ষে শুদ্ধাচার কৌশল বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে।<br>খ) প্রজেক্টর যথাস্থানে নির্দেশনা মোতাবেক স্থাপন করা হয়েছে। | ক) ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার পরিকাঠামো বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানারএবং অর্থনীতিবিদ |
| ২.১১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিAnnual Performance Agreement (APA) | ক) Annual Performance Agreement (APA) এর ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>খ) প্রধান কার্যালয়ের বাথরুম দুর্গন্ধমুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | Annual Performance Agreement (APA) এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত থাকবে। | ক) সহকারী প্রকৌশলী<br>খ) সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ২.১৩ | কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এর চাহিত প্রতিবেদন প্রেরণ | গত ২১/১১/২০১৭ তারিখে ২৫.৪৫. ০০০০.০০০.১৬.০০৫.১৭.৪৪১নং স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হইয়াছে। | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় নিয়মিত প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব কাজী মোঃ ফজলুল হক, সিনিয়র প্ল্যানার<br>২।প্রশাসনিক কর্মকর্তা |
| **নগর উন্নয়ন অধিদপ্তরের** বিবিধ | ১।গবেষণা | ক) ২০১৭-১৮ অর্থবছরে গবেষণার বাজেট ও কর্মপরিকল্পনা অনুমোদন নেয়া হয়েছে।<br>খ) রিভিউ কমিটি গঠন বিষয়ে সিনিয়র জিওগ্রাফার উইং হতে মতামত পরিচালক মহোদয়ের কাছে প্রদান করা হয়েছে।<br>গ) ২০১৬-১৭ অর্থবছরে অত্র অধিদপ্তর হতে প্রকাশিত গবেষণার কপিগুলো আর্কাইভ/ মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তরে প্রেরণ করার কাযক্রম চলমান আছে।<br>ঘ) ২০১৬-১৭ অর্থবছরের বরিশাল ও কক্সবাজার আঞ্চলিক অফিস হতে প্রকাশিত গবেষণা রির্পোট ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | ক) গবেষণার বাজেট রিভাইজড করে আগামী ১৩/১২/২০১৭ তারিখের মধ্যে অনুমোদন নিতে হবে।<br>খ) সিনিয়র প্ল্যানার জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান ল্যান্ড রিএডজাস্টমেন্ট আইনের খসড়া বিষয়ে গবেষণা করবেন এবং সেই সঙ্গে জনাব মোহসীনাত নাসরীন, প্ল্যানার এর গবেষণা ল্যান্ড রিএডজাস্টমেন্ট আইনের খসড়া তৈরীতে প্রয়োগ করবেন।<br>গ) রিভিউ কমিটির সদস্যগণ ০২ বার ঢাকায় আসবেন।<br>ঘ) রিভিউ কমিটির সদস্যগণ বিধি মোতাবেক সম্মানী ভাতা পাবেন।<br>ঙ) ২০১৬-১৭ অর্থবছরে অত্র অধিদপ্তর হতে প্রকাশিত গবেষণার কপিগুলো আর্কাইভ/ মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তরে প্রেরণ সম্পন্ন করতে হবে।<br>চ) ০৭টি গবেষণা রির্পোট ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। অত্র অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থবছরের পূর্বের গবেষণা রির্পোটগুলো ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেই ক্ষেত্রে স্ব স্ব গবেষণা কর্মকর্তা গবেষণার রির্পোট পিডিএফ /সফট কপি সিনিয়র প্ল্যানার জনাব মাকসুদ হাসেম এর নিকট প্রেরণ করতে হবে। | ১। উপ পরিচালক ( অতিরিক্ত দায়িত্ব, গ.স)<br>২।সিনিয়র জিওগ্রাফার<br>৩।সিনিয়র প্ল্যানার (সকল আঞ্চলিক অফিস)<br>৪। জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তা<br>৫। গবেষকবৃন্দ<br>চ) স্ব স্ব গবেষণা কর্মকর্তা<br>- মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |

| | | | | |
|---|---|---|---|---|
| নগর উন্নয়ন অধিদপ্তরের বিবিধ | ২। ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব বাজেট | ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব বাজেটের ১ম ও ২য় কোয়াটারের বাজেট নিয়ে সভায় আলোচনা করা হয়। | ক) রিভাইজড বাজেটের চাহিদা আগামী ১৪/১২/২০১৭ তারিখের মধ্যে এক্সেল ফাইলে প্রস্তুত করত সফট কপি সিনিয়র প্ল্যানার জনাব উদয় শংকর দাস এর নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে কোড ভিত্তিক চাহিদার সাথে খরচের যৌক্তিকতা/উদ্বৃত থাকার কারণ ব্যাখ্যা করে দিবেন। | ১। কোড ভিত্তিক আহ্বায়কগণ<br>২। জনাব উদয় শংকর দাস।<br>৩। সিনিয়র প্ল্যানার (সকল আঞ্চলিক অফিস) |
| | | ক) প্রধান কার্যালয়ের জায়গা সংকুলান না হওয়ায় স্থাপত্য অধিদপ্তরের চাহিত তথ্যাদি ২০/১১/২০১৭ তারিখে ২৫.৪৫. ০০০০. ০০০.৯৯.০৩৩.১৭.৪১৫ নং স্মারকের মাধ্যমে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ক) এ বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১) জনাব মোঃ আহসান হাবীব, সহঃ প্ল্যানার<br>২) প্রশাসনিক কর্মকর্তা |
| | | খ) নগর উন্নয়ন অধিদপ্তরের টিওএন্ডই-তে যানবাহন ও অফিস সরঞ্জামাদি অর্ন্তভুক্তকরণ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | খ) নগর উন্নয়ন অধিদপ্তরের টিওএন্ডই-তে যানবাহন ও অফিস সরঞ্জামাদি অর্ন্তভুক্তকরণ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে পত্রের অনুলিপি সহকারী প্ল্যানার জনাব মোঃ আহসান হাবীব ও সমাজবিজ্ঞানী জনাব শফিকুল ইসলাম খান-কে দিতে হবে। | খ. ১। জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার,<br>২। জনাব শফিকুল ইসলাম খান, সমাজবিজ্ঞানী,<br>৩। প্রশাসনিক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| গ) সফটওয়্যার বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করে পরিচালক মহোদয়ের নিকট জমা প্রদান করা হয়েছে। | গ) সফটওয়্যার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত থাকবে। | গ. ১) জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>২) জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br>৩) জনাব ইসরাত জাহান, প্ল্যানার |
| ঘ)<br>১। ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্ত গবেষণার ভাউচার, বিল রাজশাহী অফিস হতে এবং যশোর-বেনাপোল সহ অন্যান্য সকল গবেষণার ভাউচার বিল জমা প্রদান করিয়াছেন।<br>২। সকল কোডের আহ্বায়কগণ ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রাক্কলন অনুমোদন করার বিষয়ে সভাকে অবহিত করেন। | ১। প্রাক্কলন কমিটির আদেশ বাতিল করত: উপ প্রাক্কলন কমিটি প্রাক্কলন কমিটির কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে একটি অফিস আদেশ করতে হবে। | ১) সকল উপকমিটির আহ্বায়কবৃন্দ<br>২) সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিসসমূহ<br>৩) প্রশাসনিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| **নগর উন্নয়ন অধিদপ্তরের** বিবিধ | ৩। ইউডিডি ভবনের জন্য ভূমি ও অন্যান্য আঞ্চলিক অফিস সমুহের জন্য ভূমি বরাদ্দ সংক্রান্ত | ক) নগরউন্নয়ন অধিদপ্তরের নিজস্ব ভবন নির্মানের জন্য আগারগাঁও প্রশাসনিক এলাকায়বরাদ্দকৃত জমির বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে।<br>খ) রাজশাহী আঞ্চলিক অফিসের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত জমির মূল্য পরিশোধের মেয়াদ বৃদ্ধিকরণ সহ কিস্তিতে পরিশোধ করার জন্য ০৫/১১/২০১৭ তারিখে ২৫.৪৫. ০০০০. ০০০.৩৪.০৫০.১৭.৩৭০ নং স্মারকের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>গ) বরিশাল আঞ্চলিক অফিসের জমি বরাদ্দের বিষয়ে প্রধান প্রকৌশলী বরাবর ২২/১১/২০১৭ তারিখে ২৫.৪৫.০০০০. ০০০.৩৪.০০২.১৭.৪৩৮ নং স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) রাজশাহী আঞ্চলিক অফিসের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত জমির মূল্য পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত থাকবে।<br>গ) এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে। | ক) জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br>খ) সিনিয়র প্ল্যানার, রাজশাহী<br>গ) প্রশাসন শাখা |
| - | ৪।প্রশিক্ষণ সংক্রান্ত | ক) টালীর বিষয়ে প্রশিক্ষণ কাযক্রম চলমান আছে।<br>খ) সার্ভেয়ারদের প্রশিক্ষণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) প্রশিক্ষণ বিষয়ে কার্যক্রম অব্যাহত থাকবে। খুলনা আঞ্চলিক অফিসের প্ল্যানার জনাব শেখ মাহবুবুর রহমান টালীর প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।<br>খ) সার্ভেয়ারদের প্রশিক্ষণ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত থাকবে। | সিনিয়র প্ল্যানার (ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন), আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সকল সিনিয়র প্ল্যানারগণ।<br>খ) সহকারী প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ৫। ইতিমধ্যে সম্পাদিত পরিকল্পনা সমূহের ফলো আপঃ কক্সবাজার, বরিশালসিলেট, মাদারীপুর, ফুলছড়ি, | ক) প্রত্যেক মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানারগণ ইতিমধ্যে সম্পাদিত প্রকল্প সমূহের ফলোআপ সভায় অবহিত করবেন।<br><br>খ) **খুলনা:**সিনিয়র প্ল্যানার জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রণ করেন।<br><br>**সিলেট:**সিনিয়র প্ল্যানার ছুটিতে থাকায় সহকারী প্ল্যানার জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রহণ করেন।<br><br>**কক্সবাজার**: সিনিয়র প্ল্যানার (অ.দা) জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রহন করেন।<br><br>**রাজশাহী :** বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সভায় সিনিয়র প্ল্যানার ও সহকারী প্ল্যানার অংশগ্রহণ করেন।<br><br>**বরিশাল:**সিনিয়র প্ল্যানার জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রণ করেন।<br><br>গ) প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং প্যাকেজ ফর রংপুর ডিভিশন শীর্ষক প্রকল্পের প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) পুণরায় সংশোধন করত: অত্র দপ্তরে প্রেরণ করার জন্য গত ১৯/১১/২০১৭ তারিখে ২৫.৪৫.০০০০. ০০০.১৪.১১৬. ১৭.৪২১ নং স্মারকের মাধ্যমে রাজশাহী আঞ্চলিক অফিসে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>ঘ) বরিশাল আঞ্চলিক অফিস হতে প্রেরিত ডিপিপি বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>ঙ) আঞ্চলিক অফিসগুলো তাদের কার্যক্রম ফেইসবুকে নিয়মিত আপলোড করেন। | ক) প্রত্যেক মাসিক সমন্বয় সভায় আঞ্চলিক অফিসের সিনিয়র প্ল্যানারগণ ফলোআপ অবহিত করবেন।<br><br>খ) প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্ল্যানিং প্যাকেজ ফর রংপুর ডিভিশন শীর্ষক প্রকল্পের প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) বিষয়ে প্রয়োজনীয় কাযক্রম অব্যাহত থাকবে।<br><br>গ) বরিশাল আঞ্চলিক অফিস হতে প্রেরিত ডিপিপি বিষয়ে প্রয়োজনীয় কাযক্রম অব্যাহত থাকবে।<br><br>ঘ) আঞ্চলিক অফিসগুলো তাদের কার্যক্রম ফেইসবুকে আপলোড করবেন। | ১। সংশ্লিষ্ট আঞ্চলিক অফিস সমূহের সিনিয়র প্ল্যানারগণ।<br><br>২। জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার<br><br>৩। প্রশাসন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ৬। পরিস্কার পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ কাজ | নগর উন্নয়ন অধিদপ্তরের পানি সমস্যা দূরীকরনের জন্য পানির লাইনের সংসকার করণ বিষয়ে ২১/১১/২০১৭ তারিখে ২৫.৪৫.০০০০. ০০০. ৯৯. ০৯ ৪. ১৭.৪৪২ নং স্মারকের মাধ্যমে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরন করা হয়েছে। | ক)পানির লাইনের সংস্কার বিষয়ে প্রয়োজনীয় কাযক্রম গ্রহণে করে সমস্যা দূরীকরণের ব্যবস্থা নিতে হবে।<br>খ) কাইযেন এর আওতায় যাদের নিজস্ব বাথরুম আছে তারা নিজেরাই বাথরুম পরিস্কার রাখার উদ্যোগ নিবেন। | ক) ১। জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br>২।প্রশাসনিক কর্মকর্তা<br>খ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| - | ৭। দপ্তরের হাজিরা প্রস্থান ও কর্মচারীদের সাপ্তাহিক কার্যতালিকা রপ্রতিবেদন। | ক) মাসিক সমন্বয় সভায় হাজিরা প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ক) মাসিক সমন্বয় সভায় হিসাব রক্ষণ কর্মকর্তা হাজিরা প্রতিবেদন উপস্থাপন করবেন। | ক) সকল নিয়ন্ত্রণকারী কর্মকর্তা<br>খ) হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | | খ) হাজিরা প্রতিবেদন অনুযায়ী হিসাব রক্ষণ কর্মকর্তা বেতন নিশ্চিত করা হয়েছে। | খ) হাজিরা প্রতিবেদন অনুযায়ী হিসাব রক্ষণ কর্মকর্তাকে কর্মচারীদের বেতন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) হিসাবরক্ষণ কর্মকর্তা |
| **নগর উন্নয়ন অধিদপ্তরের** বিবিধ | ৮।লাইব্রেরীর ডাটা সংরক্ষণ | ক) বইয়ের তালিকা লাইব্রেরীর ডাটাবেইজে অর্ন্তভুক্ত করার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br>খ) লাইব্রেরীতে মাসিক ইউজার কতজন তার % লাইব্রেরীয়ান মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করেন।<br>গ) মাসিক সমন্বয় সভায় ফেরত প্রদানের বইয়ের তালিকা উপস্থাপন করা হয়েছে এবং যারা ফেরত প্রদান করেন নাই তাদের তালিকা উপস্থাপন করা হয়েছে। | ক) লাইব্রেরীতে মাসিক ইউজার কতজন তার % লাইব্রেরীয়ান মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) মাসিক সমন্বয় সভায় ফেরত প্রদানের বইয়ের তালিকা উপস্থাপন করতে হবে। ত্রিশ দিনের মধ্যে বই লাইব্রেরীতে জমা প্রদান করতে হবে। প্রয়োজনে পুণরায় ইস্যু করে বই নিতে পারবেন মর্মে পত্র জারী করতে হবে। | ১। সিনিয়র জিওগ্রাফার<br>২। সমাজবিজ্ঞানী<br>৩। লাইব্রেরীয়ান |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ৯। সেমিনার | ক) ২০১৭-১৮ অর্থ বছরের সেমিনার আয়োজন বিষয়ে কর্মপকিল্পনা অনুযায়ী ইতিমধ্যে ০৪টি সেমিনার সম্পন্ন করা হয়েছে এবং ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে একটি সেমিনার অনুষ্ঠিত হবে।<br><br>খ) খুলনা আঞ্চলিক অফিস কর্তৃক আগামী ১৯/১২/২০১৭ তারিখে সেমিনার আয়োজন করা হবে। বরিশাল আঞ্চলিক অফিস জানুয়ারী/১৮ মাসে সেমিনার আয়োজন করবেন। | ক)আগামী ১১/১২/২০১৭ তারিখের মধ্যে সেমিনার বিষয়ে সিদ্ধান্ত নিবেন।<br><br>খ) খুলনা আঞ্চলিক অফিসের সেমিনারে সিনিয়র প্ল্যানার জনাব ইসরাত জাহান, প্ল্যানার অংশগ্রহণ করবেন। | ক) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br><br>খ) জনাব উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার<br><br>গ) সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ<br><br>ঘ) জনাব ফৌজিয়া শারমীন তিথি, প্ল্যানার, |
| - | ১০। প্রকাশনা | ক) ২০১৭-১৮ অর্থ বছরের পরিকল্পনা বার্তায় প্রকাশের জন্য লেখা আহ্বান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) ২০১৭-১৮ অর্থ বছরের পরিকল্পনা বার্তায় প্রকাশের জন্য লেখা জমা প্রদান বিষয়ে প্রকল্প পরিচালক এবং সকল কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণ করবেন এবং এর অগ্রগতি মাসিক সভায় উপস্থাপন করবেন। | ১। জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br><br>২।জনাব ইয়ারুন্নেছা খানম, সহ: প্ল্যানার<br><br>৩। জনাব জাকিয়া সুলতানা, প্ল্যানার |
| - | ১১।Table of Equipment (TO&E) -তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি অর্ন্তভুক্তকরণ। | Table of Equipment (TO&E)-তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি অর্ন্তভুক্তকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | Table of Equipment (TO&E)-তে সমাপ্ত প্রকল্পসমূহের যন্ত্রপাতি অর্ন্তভুক্তকরণ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যহত থাকবে। | ক) সমাজবিজ্ঞানী<br><br>খ) প্রশাসনিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ১২। নিয়োগ বিধি, পদবী পরিবর্তন | নিয়োগ বিধি, পদবী পরিবর্তন বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হবে। | নিয়োগ বিধি, পদবী পরিবর্তন বিষয়ে যোগাযোগ অব্যাহত থাকবে। | ক) জনাব আহমেদ আখতারুজ্জামান, সিনিয়র প্ল্যানার<br>খ) সমাজবিজ্ঞানী |
| - | ১৩। বৈদেশিক প্রশিক্ষণ | পরিচালক মহোদয়“Regional Partners Forum @Quito+1 Strategies and Priorities for the Implementation of the NUA in Asia and the Pacific” and “Climate Change” in Thailand on 27-29 November 2017 শীর্ষক প্রোগ্রামে অংশগ্রহণকরেন। | বৈদেশিক প্রশিক্ষণ/ সেমিনারে অংশ গ্রহণ বিষয়ে হালনাগাদ তথ্য প্রাক-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ১৪। মীরসরাই প্রকল্পের অগ্রগতি | “চট্রগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক প্রকল্পে ফিজিক্যাল ফিচার সার্ভে, আর্থ-সামাজিক জরিপ, ট্রান্সপোর্টেশন, Baseline survey of Existing Flora and Fauna সার্ভে ফার্মের সহিত ১৫/১১/২০১৭ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে। হাইড্রোজিওলজিক্যাল সার্ভে এবং জিওলজিক্যাল সার্ভে RE-EoI আহবান করা হয়েছে, ২৮-০৮-২০১৭ তারিখে মোট ০৮ টি জমা হয়েছে, মূল্যায়নপূর্বক RFP দেওয়া হয়েছে। ৪/১২/২০১৭ তারিখে RFP জমা হইবে। ব্যক্তি পরামর্শক নিয়োগের Re- EoI আহবান করা হয়েছিল। প্রয়োজনীয় আবেদন জমা পড়ে নাই। PPR অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে। ইমেজ ক্রয় ও গাড়ী ভাড়ার টেন্ডার ইজিপিতে কার্যক্রম করা হয়েছে। ইতিমধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। গাড়ী প্রকল্প কাজে ব্যবহৃত হইতেছে। বারইয়ার হাট পৌরসভায় ৯টি ওয়ার্ডে ও ইউনিয়ন পর্যায়ে ৫টি মোট ১৪টি পি আর এ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | -মীরসরাই প্রকল্পের সর্বশেষ অগ্রগতি মাসিক সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ক) প্রকল্প পরিচালক<br>খ) জনাব আহসান হাবীব, সহঃ প্ল্যানার ও প্রকল্প ব্যবস্থাপক |

| | | | | |
|---|---|---|---|---|
| নগর উন্নয়ন অধিদপ্তরের বিবিধ | ১৫।কুষ্টিয়া প্রকল্পের অগ্রগতি | ক) "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" শীর্ষক প্রকল্পের প্রকল্প প্রস্তাবনা সংশোধনসহ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করণের বিষয়ে স্মারক নং-২৫.৪৫.০০০০. ০০০. ১৪. ০২৬.১৭.২৪৮ এর মাধ্যমে ০৫/১০/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হইয়াছে। প্রকল্পের Mobilization and Inception রিপোর্ট বিষয়ে ০৭/১১/২০১৭ তারিখে TMC সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পের সাইট অফিস ও মাইক্রোবাস ভাড়ার কার্যাদেশ ২২/১১/২০১৭ তারিখে প্রদান করা হয়েছে। প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) জনাব মোঃ আব্দুস সালাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর টাইপের গতি ২৬/১১/২০১৭ তারিখে পি-৫০/ব্যক্তিগত/২০১৭-১৪৯ নং স্মারকের মাধ্যমে এবং কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ মোশারফ হোসাইন এর টাইপের গতি ২৮/১১/২০১৭ তারিখে পি-১৯/৯০-১৬২ নং স্মারকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | ক) কুষ্টিয়া প্রকল্পের সর্বশেষ অগ্রগতি মাসিক সমন্বয় সভায় অবহিত করতে হবে।<br>খ) কুষ্টিয়া প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তার এর পরিবর্তে খুলনা আঞ্চলিক অফিসের প্ল্যানার জনাব শেখ মাহবুবুর রহমানকে কুষ্টিয়া প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক নিয়োগের প্রস্তাব প্রকল্প পরিচালক অত্র দপ্তরে প্রেরণ করবেন। | ক) প্রকল্প পরিচালক ও সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস<br>খ) জনাব ইসরাত জাহান, গবেষণা কর্মকর্তা ও প্রকল্প ব্যবস্থাপক |
| - | ১৬।১৪ উপজেলা প্রকল্প | ১৪ উপজেলা প্রকল্পের সামগ্রিক অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়।<br>**প্যাকেজ-১** :প্যাকেজ-১ এর Mobilization, Inception Report ও Final Survey Report সম্পন্ন হয়েছে। বর্তমানে Draft Plan প্রণয়নেরকাজ চলছে ।<br>**প্যাকেজ-২** : প্যাকেজ-২ এর Mobilization,Inception, Final | প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ১৪ উপজেলা শীর্ষক প্রকল্পের সর্বশেষ অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক, ১৪ উপজেলা প্রকল্প |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | Survey ও Draft Plan সম্পন্নহয়েছে। Final Plan এর কাজ চলছে।<br><br>**প্যাকেজ-৩ :** প্যাকেজ-৩ এর Mobilization, Inception Report ও Final Survey Report সম্পন্ন হয়েছে। বর্তমানে Draft Plan প্রণয়নেরকাজ চলছে ।<br><br>**প্যাকেজ-৪ :** প্যাকেজ-৪ Mobilization, Inception Report ও Final Survey Report সম্পন্ন হয়েছে। বর্তমানে Draft Plan প্রণয়নেরকাজ চলছে।<br><br>**প্যাকেজ-৫ :** প্যাকেজ-৫ এর Mobilization, Inception, Final Survey ও Draft Plan সম্পন্ন হয়েছে। Final Plan এর কাজ চলছে।<br><br>২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত ৭৯৯.০০ লক্ষ টাকা গত ০৬/১১/২০১৭ তারিখে স্মারক নং-২৫.০০.০০০০.০৩২.১৪.০০১.১৪- ৩৮৮ এর মাধ্যমে ছাড় করা হয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১৭। পায়রা-কুয়াকাটা প্রকল্প | ক) "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পযটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রনয়ন"শীর্ষক সমীক্ষা প্রকল্পটির স্যাটেলাইট ইমেজ ক্রয়ের জন্য ই-জিপিতে ০৩ (তিন) টি টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>খ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৩/১১/২০১৭ তারিখে ০৭.১১১.০৩১. ০১.০০.০০৪.২০১৭-৬৭৮ নং স্মারকের মাধ্যমে প্রকল্প কোড ৫-৩২৩৫-৫০০২ সৃজনের পত্র পাওয়া গিয়াছে। | পায়রা-কুয়াকাটা প্রকল্পের সর্বশেষ অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| - | ১৮। **ইনোভেশন টিম** | ক) ইনোভেশন কার্যক্রম বিষয়ে সর্বশেষ অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। | ক) ইনোভেশন টিম পরিচালক মহোদয় কর্তৃক পুন:গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) ইনোভেশন টিম,<br><br>সিনিয়র জিওগ্রাফার, সমাজবিজ্ঞানী<br><br>খ) ইনোভেশন প্রস্তাবনাকারী কর্মকর্তাগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| - | ১৯।প্রচার ও বিজ্ঞাপন | ক) খুলনা, রাজশাহী এবং সিলেট আঞ্চলিক অফিস সমূহ প্রচার ও বিজ্ঞাপনের জন্য প্রস্তুতকৃত Content ক্যাবল অপারেটরদের কাছে প্রচারের জন্য প্রেরণ এবং প্রচারের ছবি প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় অবহিত করা হয়।<br><br>খ) এমএসডিপি প্রকল্পের ৬১টি ম্যাপ ময়মনসিংহ পৌরসভায় হস্তান্তর করা হয়েছে। ১৪ উপজেলা প্রকল্প হতে ০৯টি শিবপুর পৌরসভায় হস্তান্তর করা হয়েছে। | ক) রাজশাহী আঞ্চলিক অফিস বিজ্ঞাপনের জন্য প্রস্তুতকৃত Content প্রচারের জন্য আগামী ১৭/১২/২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করে অনুমোদন নিবেন।<br><br>খ) কক্সবাজার আঞ্চলিক অফিস বিজ্ঞাপনের জন্য প্রস্তুতকৃত Content প্রচারের জন্য আগামী ১৩/১২/২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করে অনুমোদন নিবেন।<br><br>খ) আগামী মাসিক সমন্বয় সভার পুর্বে বেনাপোল - যশোর প্রকল্প (২৭টি) , ১৪ উপজেলা অবশিষ্ট (৩৬টি) তাদের প্রণীত ম্যাপ প্রকল্প এলাকায় প্রেরণ ও স্থাপনের ব্যবস্থা নিবেন এবং মাদারীপুর-রাজৈর প্রকল্পের ম্যাপসমূহ জেলা প্রশাসকের দপ্তরে হস্তান্তর করবেন।<br><br>গ) ১৪ উপজেলা ও বেনাপোল-যশোর প্রকল্পের পৌরসভার ওয়ার্ড ম্যাপ (বোর্ড) এর চাহিদা সংখ্যা নির্ধারণ করবেন। | ১) জনাব উদয় শংকর দাস, সিনিয়র প্ল্যানার<br><br>২) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ<br><br>৩) সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস সমূহ<br><br>৪) জনাব মোহাম্মদ নুরুল ইসলাম,সহ: প্র: |

| | | | | |
|---|---|---|---|---|
| **নগর উন্নয়ন অধিদপ্তরের** বিবিধ | ২০।ই-ফাইলিং | ক) সকল পত্র অনলাইনে জারী এবং যদি অনলাইনে আবেদনকারীকে পাওয়া না যায় তাহলে সংশ্লিষ্ট আবেদনকারীর সাথে যোগাযোগ করে ই-মেইল ঠিকানা সংগ্রহণ করে পত্র জারী করার বিষয়ে সভাকে অবহিত করা হয়।<br>খ) ১২/১১/২০১৭ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় ই-নথির বিষয়ে সকল সিনিয়র প্ল্যানার এবং শাখা প্রধান কর্মকর্তাগণের সমন্বয়ে সভা করা হয়েছে।<br>গ) জনাব হাসিনা বেগম, উচ্চমান সহকারী, জনাব ডলি রানী সাহা, উচ্চমান সহকারী এবং জনাব মোঃ বজলুর রশিদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিষয়ে গত ৩০/১১/২০১৭ তারিখে ২৫.৪৫. ০০০০. ০০০. ১৯. ০০১.১৭.৪৭২ নং স্মারকের মাধ্যমে একটি অফিস আদেশ জারী করা হয়েছ মর্মে সভাকে অবহিত করা হয়। | ক) ই-ফাইলিং বিষয়ে ইন-হাইজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) মাসিক সমন্বয় সভায় ই-ফাইলিং এর বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | ১। জনাব শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান,<br>সিনিয়র প্ল্যানার<br>২।জনাব তানভীর হাসান রেজাউল, প্ল্যানার<br>৩।জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার<br>৪।প্রশাসনিক কর্মকর্তা |
| | ২১। ছুটির বিষয়েআলোচনা | কর্মচারীদের ছুটি বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হয়েছে। | মাসিক সমন্বয় সভায় কর্মচারীদের ছুটি বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করা হবে। | -হিসাবরক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২২। অর্গানোগ্রাম বিষয়ে আলোচনা | নগর উন্নয়ন অধিদপ্তরের অর্গানোগ্রাম বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নগর উন্নয়ন অধিদপ্তরের অর্গানোগ্রাম বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে সভাকে অবহিত করতে হবে। | ১) জনাব মোঃ জাহাঙ্গীর আলি, সিনিয়র জিওগ্রাফার, জনাব মোঃ আহসান হাবীব, সহকারী প্ল্যানার, জনাব শফিকুল ইসলাম খান, সমাজবিজ্ঞানী, জনাব ইসরাত জাহান, প্ল্যানার, জনাব জাকিয়া সুলতানা, প্ল্যানার, জনাব মোহসিনাত নাসরিন, প্ল্যানার<br>২) জনাব মোঃ মোক্তার আলম, প্রশাসনিক কর্মকর্তা |
| | ২৩। সিটিজেন চার্টার হালনাগাদ | সিটিজেন চার্টার এর হালনাগাদ কপি সকল কর্মকর্তাগণের নিকট প্রেরণ করা হয়েছে এবং কক্সবাজার ও খুলনা আঞ্চলিক অফিস হতে সিটিজেন চাটার বিষয়ে মতামত পাওয়া গিয়াছে। | সিটিজেন চার্টার চূড়ান্ত করে আগামী ০৭/১২/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | জনাব মাকসুদ হাসেম, সিনিয়র প্ল্যানার |
| | ২৪। উন্নয়ন মেলা | -উন্নয়ন মেলায় যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করেছেন তাদেরকে পরিচালক মহোদয় ধন্যবাদ জানিয়েছেন।<br>-ইনোভেটিব প্ল্যানিং আইডিয়া ক্যাটাগরীতে নগর উন্নয়ন অধিপ্তর পুরস্কার পেয়েছে। | স্মার্ট সিটি উইক এর ন্যায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ করতে হবে। | প্রধান কার্যালয় এবং আঞ্চলিক অফিসসমূহ |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০৬.০০৫.১৭.৫১৬

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৪
১৪ ডিসেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর

৪) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ

৫) প্ল্যানার/সহকারী প্ল্যানার/গবেষণা কর্মকর্তা (সকল),, নগর উন্নয়ন অধিদপ্তর (সকল আঞ্চলিক অফিস)।

৬) সাঁট লিপিকার(পিএ), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জনাব মাকসুদ হাসেম
সিনিয়র প্ল্যানার